

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন ও বিচার বিভাগ  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
বিচার শাখা-৭  
সরকারি পরিবহন পুল ভবন,  
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং বিচার-৭/২এন-১৪/২০০২- ৬০।

তারিখঃ ০২/০৩/২০২০ খ্রিঃ

বিষয়ঃ যশোর জেলার কেশবপুর উপজেলার ১০ নং সাতবাড়ীয়া ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ খালিদ হোসেন এর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সাব-রেজিস্ট্রার, কেশবপুর, যশোর কর্তৃক তদন্তে জাল-জালিয়াতি ও প্রতারণামূলকভাবে ভোটার আইডি কার্ড, জন্ম নিবন্ধন ও দাখিল পরীক্ষার সনদপত্রে আপনার জন্ম তারিখ ০১/০১/১৯৯৭ খ্রিঃ লিপিবদ্ধ করে প্রকৃত বয়স ২০ বছরের স্থলে ২১ বছর করার বিষয়টি প্রমাণিত হওয়ায়; অদ্যাবধি কারণ দর্শানোর কোন জবাব দাখিল না করায় এবং উহা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা ২০০৯ এর ১১ বিধি অনুযায়ী অসদাচরণের শামিল হওয়ায় আপনার নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্সটি বাতিল করা হলো।

~~০২/০৩/২০২০~~  
০২/০৩/২০২০  
(বুলবুল আহমেদ)  
সিনিয়র সহকারী সচিব  
বিচার শাখা-৭  
ফোন-৯৫৫৮২৮৭

**প্রাপক :**

জনাব মোঃ খালিদ হোসেন  
সাবেক নিকাহ রেজিস্ট্রার  
১০ নং সাতবাড়ীয়া ইউনিয়ন  
উপজেলা-কেশবপুর, জেলা-যশোর।

**কার্যার্থে বিতরণ :**

- ০১। জেলা-রেজিস্ট্রার, যশোর (সংশ্লিষ্ট নিকাহ রেজিস্ট্রারের নিকট হতে বিবাহ রেজিস্ট্রীকরণ সম্পর্কিত যাবতীয় রেকর্ড পত্র ও বালাম বহি জব্দ করার জন্য এবং শূন্যঘোষিত এলাকায় নিকাহ রেজিস্ট্রী সংক্রান্ত কার্য পরিচালনার জন্য উক্ত এলাকার সংলগ্ন কোন ওয়ার্ড/ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রারকে অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য নির্দেশ দেয়া হলো)।
- ০২। সাব-রেজিস্ট্রার, কেশবপুর, যশোর (বিধি মোতাবেক শূন্যঘোষিত এলাকায় নিকাহ রেজিস্ট্রার নিয়োগের জন্য প্যানেল প্রস্তুত করতঃ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশ দেয়া হলো)।
- ০৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

**জ্ঞাতার্থে বিতরণ :** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। মহা-পরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।